

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৮৩

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ প্রভুর নিকটে অন্যের উপর রহম না করার জন্য প্রার্থনা করার ব্যাপারে সতর্কীকরণ

ذِكْرُ الزَّجْرِ عَنْ سُؤَّالِ الْعَبْدِ رَبَّهُ أَلَّا يَرْحَمَ مَعَهُ غَيْرَهُ

## আরবী

983 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّقَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّقَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي سَلَمَةَ أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ: قَامَ النَّبِيُّ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي سَلَمَةَ أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ: قَامَ النَّبِيُّ وَمَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلصَلَّالَةِ وَقُمْنَا مَعَهُ فَقَالَ أَعْرَابِيُّ فِي الصَّلَاةِ: اللَّهُمَّ ارحمني وارحم محمداً ولاترحم مَعَنَا أَحَدًا فَلَمَّا صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِلْأَعْرَابِيّ: (لَقَدْ تَحَجَرْتَ واسعاً) يريد رحمة الله.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 983 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

ههر আবৃ হ্রাইরা রাদ্বিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম সালাতের উদ্দেশ্যে দাঁড়ান, আমরাও তাঁর সাথে দাঁড়াই। তখন এক বেদুঈন ব্যক্তি সালাতে বলে, اللَّهُمُّ ارحمني (হে আল্লাহ, আপনি আমার প্রতি রহম করুন, মুহাম্মাদ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের প্রতি রহম করুন আর আমাদের সাথে অন্য কাউকে রহম করবেন না।)" যখন রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম সালাত শেষ করলেন, তখন তিনি বেদুঈনকে বললেন, "তুমি তো প্রশস্ত জিনিসকে সংকীর্ণ করে দিলে। অর্থাৎ আল্লাহর রহমতকে।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৮৩; সহীহ বুখারী: ৬০১০; নাসাঈ: ৩/১৪; আবূ দাউদ: ৩৮০; তিরমিযী: ১৪৭; ইবনু মাজাহ: ৫৩০।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল ইরওয়া: ১/১৯০, ১৯১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন